গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৮.২০-৬৪৯

তারিখ : ০৭ অগ্রহায়ণ ১৪২৭
২২ নভেম্বর ২০২০

বিষয় : "মডার্নাইজেশন অব ডিএনসি" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত "মডার্নাইজেশন অব ডিএনসি" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ২৭/১০/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২২/১১/২০

(আরিফ আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩. যুগ্মসচিব (মাদক), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (পরিকল্পনা) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।
৫. মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "মডার্নাইজেশন অব ডিএনসি" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটি'র সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান,<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৭ অক্টোবর ২০২০ খ্রি: |
| সময় | : | বেলা ১১.৩০ মিনিট |
| স্থান | : | Zoom Application Platform-এ |

উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট- পতাকা-'ক' তে সংযুক্ত।

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন) সভাকে জানান যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "মডার্নাইজেশন অব ডিএনসি" শীর্ষক প্রকল্প যাচাই বাছাই করত: প্রকল্প গ্রহণের নীতিগত অনুমোদনের বিষয়ে সুপারিশের লক্ষ্যে পরিকল্পনা নীতিমালা অনুযায়ী যাচাই কমিটির সভা আয়োজন করা হয়েছে। উল্লেখ্য বিবেচ্য প্রকল্পটি ২০২০-২০২১ অর্থবছরের এডিপিভুক্ত নয়। তবে ডিএনসি'র কর্মক্ষমতা বৃদ্ধি এবং মাদকের বিরুদ্ধে বর্তমান সরকারের জিরো টলারেন্স নীতি'র আলোকে প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প হিসেবে গ্রহণ ও প্রক্রিয়াকরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ২০ জানুয়ারি ২০১৯ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয় পরিদর্শনকালে যে সকল নির্দেশনা প্রদান করেন তন্মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে 'Modernisation of DNC' প্রকল্প বাস্তবায়ন করা হবে মর্মে প্রতিশ্রুতি প্রদান করেন। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প হিসেবে বিবেচ্য প্রকল্পটি প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যেগ গ্রহণ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়: ৩২০৪১.২৫ লক্ষ টাকা এবং প্রকল্পের বাস্তবায়নকাল সেপ্টেম্বর ২০২০ হতে জুন ২০২৩ খ্রি: পর্যন্ত ধরা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পে বিভিন্ন ধরণের ৭৯৪৯টি নিরাপত্তা যন্ত্রপাতি, ৭২৯টি ইলেক্ট্রনিক্স উপকরণ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রয়োজনীয় ৮২০টি যানবাহন সংগ্রহসহ ১টি ফরেনসিক ল্যাব স্থাপন এবং প্রশিক্ষণ ও স্টাডি ভিজিট অন্তর্ভুক্ত করে সম্পূর্ণ জিওবি অর্থায়নে আলোচ্য প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। তবে প্রস্তাবিত ডিপিপি'র পার্ট বি'তে কম্পোনেন্ট সমূহের প্রয়োজনীয়তা, বিদ্যমান যন্ত্রপাতির সংখ্যা টিওএন্ডই ভুক্ত যন্ত্রপাতির সংখ্যা, ব্যবহার ও প্রত্যাশিত ফলাফল সুস্পষ্টভাবে বিবৃত নয়। এ বিষয়ে মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সভাকে জানান যে, প্রস্তাবিত আধুনিক যন্ত্রপাতি সরবরাহ, সংস্থাপন ও ব্যবহারের মাধ্যমে দেশের ৮টি বিভাগে অবস্থিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়, সদর দপ্তর, নিরাময় কেন্দ্র এবং রাসায়নিক পরীক্ষাগার স্থাপনসহ সংশ্লিষ্ট দপ্তর/কার্যালয়সমূহ আধুনিকায়নের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এই প্রকল্প প্রস্তাব করা হয়েছে। আধুনিক তথ্য প্রযুক্তির যুগে মাদক ব্যবসায়ীরা প্রযুক্তি ও যন্ত্রপাতির সহায়তায় নতুন নতুন পদ্ধতি অবলম্বন করে মাদক ব্যবসা চালিয়ে যাচ্ছে। মাদকদ্রব্য পরিবহনে প্রতিনিয়ত কৌশল পরিবর্তন করে দেশব্যাপি মাদকের চালান পৌছে দিচ্ছে। একদিকে নতুন মাদকের আগ্রাসন অন্যদিকে বিভিন্ন শ্রেণির ব্যক্তিদের মাদক ব্যবসায় সম্পৃক্ততা পরিস্থিতিকে জটিল করে তুলছে। মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতি বাস্তবায়নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে জনবল, প্রশিক্ষণ, ইকুইপমেন্ট ও যানবহন দিয়ে শক্তিশালীকরণ ও সচেতনতা সৃষ্টির জন্য এই প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে গ্রহণ করা হয়েছে। তিনি আরো বলেন যে, প্রকল্পের আওতায় আধুনিক যন্ত্রপাতি স্থাপন, প্রশিক্ষণ, লজিস্টিকস সুবিধাদি সৃষ্টি এবং মাদক বিরোধী প্রচার-প্রচারণার মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে আধুনিকীকরণ করার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৩। সভাপতি প্রস্তাবিত প্রকল্পে অঙ্গাভিত্তিক যে সকল যন্ত্রপাতি এবং এর সংখ্যা/পরিমাণ নির্ধারণ করা হয়েছে তা পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপসচিব (উন্নয়ন)-কে অনুরোধ করেন। এ পর্যায়ে উপসচিব (উন্নয়ন) ডিপিপি'তে প্রস্তাবিত অঙ্গাভিত্তিক যন্ত্রপাতি ও তাদের সংখ্যা/পরিমাণ সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনাক্রমে যন্ত্রপাতি ও এর সংখ্যা/পরিমাণ নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়:

(৩.০) প্রস্তাবিত নিরাপত্তা যন্ত্রপাতি:

| ক্র: নং | নিরাপত্তা যন্ত্রপাতির নাম | সংখ্যা/ পরিমান | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | মোবাইল ট্র্যাকার | ১টি | মোবাইল ট্র্যাকার যন্ত্র ব্যবহারের ক্ষেত্রে বিধিবিধান অনুসরণপূর্বক প্রয়োজনে এনটিআরসি এর অনুমোদন গ্রহণ করতে হবে। মোবাইল ট্র্যাকার যন্ত্রের ধরণ ডিপিপি'তে সন্নিবেশ করতে হবে। |
| ২. | ড্রাগ ডিটেক্টিং মেশিন | ১৮৩টি | প্রস্তাবিত ১৮৩টি ড্রাগ ডিটেক্টিং মেশিন যেসকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ৩. | মেটাল ডিটেক্টর | ১১৫টি | যৌক্তিকতাসহ ডিপিপি'তে অন্তর্ভুক্তি, ক্রয় ও ব্যবহার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪. | সেল কাউন্টার | ৮টি | প্রস্তাবিত প্রকল্পের জনবল ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বিধায় বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৫. | মোবাইল ফোন জ্যামার | ৭৬টি | কোয়ালিটি, Capacity ইত্যাদি বিবরণসহ যে সকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ৬. | বুলেট প্রুফ জ্যাকেট | ১২৫৪টি | বাস্তবতা, অনুমোদিত ও প্রস্তাবিত জনবল এর ভিত্তিতে সংখ্যা নির্ধারণ করে এবং বাজার মূল্য পর্যালোচনা পূর্বক দর প্রস্তাব করতে হবে। |
| ৭. | ESR এ্যানালাইজার | ৮টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৮. | ইউরিন অটো এ্যানালাইজার | ৮টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৯. | হাইড্রোমিটার | ১১৫টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১০. | এ্যালকোহল ব্রিদিং মেশিন | ৩১৪টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১১. | বাইনোকুলার | ১৯টি | নাইট ভিশন ও সাধারণ দুই প্রকার বাইনোকুলার এবং এর যৌক্তিকতা ও বাস্তবতার নিরিখে প্রস্তাব দিতে হবে। |
| ১২. | ড্রোন ক্যামেরা | ৮১টি | এ মুহূর্তে ড্রোন ক্যামেরা ব্যবহার যৌক্তিক হবেনা মর্মে আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৩. | ড্রাগ কিট বক্স | ৮১টি | প্রস্তাবিত ড্রাগ কিটবক্স এর কার্যালয় ভিত্তিক প্রয়োজনীয়তা, এর গুনগতমান ও কর্মক্ষমতার বিবরণ ডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে। |
| ১৪. | Sheereder মেশিন | ৯৪টি | এ ধরণের কাগজ কাটার মেশিন প্রয়োজন নাই মর্মে সিদ্ধান্ত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ৯. | ডিজিটাল প্রচার ভ্যান | ৬৯টি | যাচাই-বাছাই পূর্বক ব্যপক প্রচারণার জন্য বাস্তবসম্মত ডিজিটাল ভ্যান স্থাপনের প্রস্তাব দিতে হবে। যেসকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ১০. | ডিজিটাল স্ক্যানিং মেশিন | ১৯টি | বিমান বন্দরসহ প্রয়োজনীয় স্থানে স্থাপনের জন্য যৌক্তিকতাসহ প্রস্তাব দিতে হবে। যেসকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |

(৩.২) **প্রকল্পের আওতায় ক্রয়ের জন্য প্রস্তাবিত যানবাহনের তালিকা:**

| ক্র: নং | যানবাহনের ধরণ | সংখ্যা/ পরিমান | আলোচনা |
|---|---|---|---|
| ১. | ডাবল কেবিন পিক-আপ | ১০০টি | টিওএন্ডই (বর্তমান ও প্রস্তাবিত) এবং বর্তমান বিদ্যমান ডাবল কেবিন পিকআপ এর সংখ্যা বিবেচনা করে যৌক্তিকভাবে প্রস্তাব দিতে হবে। |
| ২. | কোস্টার/মিনিবাস (এসি) | ১৩টি | যৌক্তিকতা উল্লেখ পূর্বক ১টি (কোস্টার/মিনিবাস) এর প্রস্তাব দেওয়া যেতে পারে মর্মে সিদ্ধান্ত হয়। |
| ৩. | কার | ৩টি | অতিরিক্ত পরিচালক পর্যায়ে কর্মকর্তাদের জন্য জীপগাড়ি ক্রয়ের জন্য প্রস্তাব দেওয়া যেতে পারে মর্মে আলোচনা হয়। তবে এক্ষেত্রে যৌক্তিকভাবে তা উপস্থাপন করতে হবে। |
| ৪. | মোটর সাইকেল | ৬৮১টি | টিওএন্ডই (বর্তমান ও প্রস্তাবিত) বিবেচনাপূর্বক যৌক্তিকাতার ভিত্তিতে প্রস্তাব দিতে হবে। |
| ৫. | স্পিড বোট | ২৩টি | কোস্টাল জেলাগুলোতে ও মাদকপ্রবণ এলাকার জন্য যৌক্তিকতাসহ প্রস্তাব দিতে হবে এবং টি ও এন্ডই-তে অন্তর্ভুক্তির ব্যবস্থা করতে হবে। |

৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্ব সম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(৪.১) ৩.০ এ প্রস্তাবিত যন্ত্রপাতির বিষয়ে গৃহীত সিদ্ধান্ত সমূহের প্রতিফলন করে ডিপিপি পুনর্গঠন করতে হবে;

(৪.২) প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি'র পার্ট 'বি'তে প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য এর সাথে প্রকল্পের আওতায় ক্রয়তব্য যন্ত্রপাতির ব্যবহার এবং এর প্রত্যাশিত ফলাফল উল্লেখ করতে হবে;

(৪.৩) প্রস্তাবিত প্রকল্পের যানবাহন ক্রয় প্রস্তাবের বিপরীতে সংস্থাটির বর্তমান ও প্রস্তাবিত জনবল এবং টিওএন্ডইভুক্ত যানবাহনের সংখ্যা ও বর্তমানে ব্যবহৃত যাবাহনের সংখ্যা উল্লেখপূর্বক যৌক্তিকতা থাকতে হবে;

(৪.৪) টেস্টিং ল্যাব স্থাপনের জন্য প্রস্তাবিত উপকরণসমূহের মূল্য বিবেচনা করে বাস্তবসম্মতভাবে প্রস্তাব দিতে হবে;

(৪.৫) "ফরেনসিক ল্যাব" স্থাপনের বিষয়টি এ্যাপ্রেইজাল করে আলাদা প্রকল্প এডিপি'তে অন্তর্ভুক্ত ও ডিপিপি প্রণয়নের উদ্যোগ নিতে হবে;

(৪.৬) প্রস্তাবিত প্রকল্পের উপকরণসমূহের বাজার'দর যাচাই করতে হবে। এছাড়া বাস্তবতা ও যৌক্তিকতার ভিত্তিতে প্রস্তাব পেশ করতে হবে;

(৪.৭) প্রস্তাবিত অঙ্গ ভিত্তিক 'বৈদ্যুতিক যন্ত্রপাতি' শিরোনামে উল্লেখিত যন্ত্রপাতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় যথার্থ শিরোনাম ব্যবহার করতে হবে;

| | | | |
|---|---|---|---|
| ১৫. | হ্যান্ড মাইক | ১৬২টি | যে সকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ১৬ | গামবোট | ২০০০টি | যে সকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ১৭. | স্টিক (উন্নতমানের) | ৩১৪টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত হয়। |
| ১৮. | লাইটিং স্টিক | ১৯৬টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত হয়। |
| ১৯. | রেইনকোট | ২০০০টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত হয়। |
| ২০. | হেলমেট | ৪০০টি | হেলমেটের প্রস্তাবিত দরে মানসম্পন্ন হেলমেট ক্রয় সম্ভব হবে না বলে সভায় একমত পোষণ করা হয়। বাজার দর যাচাই করে মানসম্মত হেলমেট ক্রয়ের প্রস্তাব দিতে হবে। |
| ২১. | পেরেক (Nail) প্যাড | ১৯৬টি | যাচাইপূর্বক বাস্তবতার নিরিখে প্রস্তাব দিতে হবে। |
| ২২. | টর্চ লাইট | ৩১৬টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত হয়। |
| ২৩. | চার্জিং ফগ লাইট | ৮টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত হয়। |

(৩.১) প্রকল্পের আওতায় ক্রয়ের জন্য প্রস্তাবিত বৈদ্যুতিক যন্ত্রপাতিসহ অন্যান্য যন্ত্রপাতির তালিকা:

| ক্র: নং | নিরাপত্তা যন্ত্রপাতির নাম | সংখ্যা/ পরিমান | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ভিডিও কনফারেন্স সিস্টেম | ১০২টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত হয়। |
| ২. | এয়ার কন্ডিশন | ২১৮টি | যাচাইবাছাই পূর্বক ল্যাবের জন্য প্রয়োজনীয় সংখ্যক এয়ার কন্ডিশনারের প্রস্তাব হতে হবে। যে সকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ৩. | মাল্টিমিডিয়া প্রজেক্টর | ১০৪টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত হয়। |
| ৪. | আইপিএস | ৯৯টি | যাচাই-বাছাই পূর্বক প্রস্তাব দিতে হবে। যে সকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ৫. | Liquid Chromatography-Mass Spectrometry (LC-MS) | ৮টি | যাচাই-বাছাই পূর্বক প্রস্তাব দিতে হবে। যে সকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ৬. | রেফ্রিজারেটর (For Laboratory Use) | ৩২টি | যাচাই-বাছাই পূর্বক প্রস্তাব দিতে হবে। যে সকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ৭. | Dehumidifier | ৮টি | যাচাই-বাছাই পূর্বক প্রস্তাব দিতে হবে। যে সকল কার্যালয়ে ব্যবহৃত হবে তার বিবরণ সংযুক্ত করতে হবে। |
| ৮. | ফটোকপিয়ার মেশিন | ৭০টি | নিয়মিত ব্যবহৃত হয় বিবেচনায় রাজস্ব বাজেটের আওতায় ক্রয়ের সিদ্ধান্ত হয়। |

(৪.৮) পরীক্ষামুলকভাবে ডিএনসি'র অভিযানসমূহে Dog Squad ব্যবহারের লক্ষ্যে এ প্রকল্পে Dog Squad সংগ্রহের ব্যবস্থা রাখতে হবে।

০৫। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।